দামুড়হুদায় উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ছাতা বিতরণ

দামুড়হুদায় ট্রাফিকের দায়িত্ব পালনকারী শিক্ষার্থীও সাধারণ মানুষের মাঝে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ছাতা বিতরণ করা হয়। গতকাল রবিবার সকাল ১০ টার দিকে উপজেলা চত্বরে ছাতাগুলো বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা গতকাল দামুড়হুদায় ট্রাফিকের দায়িত্ব পালনকারী শিক্ষার্থীদের ও সাধারণ ভ্যান চালকদের মাঝে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ছাতা বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা দশমী পাড়ার সেলিম বিশ্বাস, জিহাদ, সেন্টু, শিপন আলী, দেউলী গ্রামের বাদশা মিয়া, দামুড়হুদা নতুন বাস্তপুর গ্রামের মিঠু, শফি, হাসিবুল, হাউলী গ্রামের মামুন, চিতলা গ্রামের আবু সাঈদ, জয়রামপুর গ্রামের মিজানুর রহমান (ময়না) সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রখর রোদে ভ্যান রিকসা চালক ও হতদরিদ্রদের মাঝে ছাতা বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার ভ্যান, রিক্সাচালক ও গরীব মানুষের মাঝে ৭০০ ছাতা বিতরণ করেছেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু।

আজ বৃহস্পতিবার (২৫এপ্রিল) সকাল থেকে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ডসহ শহরের বিভিন্ন মোড়ে মোড়ে চলন্ত রিকসা, ভ্যান, আলগামন, নসিমন করিমন ও শ্রমজীবি নিরন্ন মানুষের হাতে ছাতা তুলে দেন তিনি।
এসময় সাবেক ছাত্রলীগ নেতা তানভীর ইসলাম উজ্জল, শ্রমিকলীগ নেতা মিজানুর রহমান মজনু, জিয়াউল ইসলাম, শাহিনুজ্জামান মিলনসহ

অন্যান্যরা উপস্থিত ছিলেন।

শাহিদুজ্জামান শিপু বলেন, এই প্রখর রোদ আর ভ্যাপসা গরমে মানুষ দিশেহারা হয়ে পড়েছে। যারা খেটে খাওয়া শ্রমজীবি মানুষ। বিশেষ করে ভ্যান, রিকসা, আলগামন, নসিমন করিমন চালক, দিন মজুর, কৃষক এই রোদে কষ্ট করছেন সামান্য সহযোগীতা নিয়ে তাদের পাশে দাঁড়ানো প্রচেষ্টা। শহরে ঘুরে ঘুরে আমি যাদের পেয়েছি তাদের হাতে উপহার সরুপ একটা করে ছাতা তুলে দিয়েছি। যাদের অর্থ আছে, তাদেরও উচিৎ ছিন্নমূল মানুষদের কল্যানে এগিয়ে আসা।

গাংনী উপজেলা শহরের কয়েকজন রিকসা চালক ছাতা পেয়ে শাহিদুজ্জামান শিপুর ছাতা পেয়ে তাকে প্রান খুলে দোওয়া করে বলেন এ শিপু জনতার।

উল্লেখ্য শাহিদুজ্জামান শিপু দেশে করোনা ভাইরাসের শুরু থেকেই গরীব ছিন্নমূল মানুষের মাঝে ত্রাণ সামগ্রী থেকে শুরু করে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মধ্যে বাইসাইকেল বিতরণ, অসহায় দরিদ্র নারীদের মাঝে সেলাই মেশিন ও প্রতিবন্ধীদের মাঝে হুহল চেয়ার বিতরণ করে কার্যক্রম চালিয়ে আসছেন।

আলমডাঙ্গার জেহালায় দিলীপ কুমার আগরওয়ালার ছাতা বিতরণ

আলমডাঙ্গার জেহালা ইউনিয়নের জনগনের মাঝে ১ হাজার ছাতা বিতরন করেছেন বাংলাদেশ আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপকমিটির সদস্য, এফবিসিসিআইয়ের পরিচালক ও বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) এর সাধারন সম্পাদক ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক ও তারাদেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান দিলীপ কুমার আগরওয়ালা দিলীপ কুমার আগারওয়ালা।

এ সময় দিলীপ কুমার আগরওয়ালা বলেন, ‘আমি প্রধানমন্ত্রীর বিস্ময়কর এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং চুয়াডাঙ্গা-আলমডাঙ্গাকে স্মার্ট করে গড়ে তুলতে চুয়াডাঙ্গা-১ আসন থেকে নৌকা প্রতীকের প্রার্থী

হতে চাই। আমি গত ১০ বছর ধরে এ জেলার মানুষের কল্যাণে ও উন্নয়নে কাজ করে চলেছি। সেই ধারাবাহিকতায় আজ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উপহারের ছাতা বিতরণ করছি। পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে ওয়ার্ডে জননেত্রীর এই উপহার বিতরণ করা হবে।’

এবারের বর্ষায় জনসাধারণের মাঝে স্বস্তির জন্য শুক্রবার বিকেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে ছাতা উপহার প্রদান উপলক্ষে আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের ফুটবল মাঠে অনুষ্ঠিত এক আলোচনা ও মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি।

অনুষ্ঠানে রহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিলীপ কুমার আগরওয়ালা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষক লীগের সাংগঠনিক ইলা, আবুল কালাম আজাদ সাঃ সম্পাদক উপজেলা আলমডাঙ্গা কুতুবউদ্দিন কৃষক লীগ সভাপতি আম্মদ আলী, সাঃ সম্পাদক আরিফ হোসেন নয়ন, সহ সভাপতি সেচ্ছাসেবক লীগ রিয়াজ উদ্দিন মুক্তিযোদ্ধা প্রমূখ।